



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.০৬.০০১.২১/৯৯১

তারিখ: ২৩ জুন ২০২১

বিষয়: ২০২২ সালের এইচএসসি পরীক্ষার্থীদের জন্য প্রণীত অ্যাসাইনমেন্ট প্রদান, জমা গ্রহণ ও এবিষয়ক তথ্য প্রেরণ

সূত্র: ১. এনসিটিবি এর স্মারক নং শি:শা: ২২২/৯৪/৯৭৮; তারিখ- ৭ জুন ২০২১

২. মাউশি অধিদপ্তরের স্মারক নম্বর ৩৭.০২.০০০০.১০৫.০৬.০০১.২১.৩৯০, ১৩ জুন, ২০২১ এর বিজ্ঞপ্তি।

৩. মাউশি অধিদপ্তরের স্মারক নম্বর ৩৭.০২.০০০০.১০৫.০৬.০০১.২১.৩৮৫, ১২ জুন, ২০২১

৪. মাউশি অধিদপ্তরের স্মারক নম্বর ৩৭.০২.০০০০.১০৫.০৬.০০১.২১.৩৯৬, ১৮ জুন, ২০২১

৫. ২২ জুন ২০২১খ্রি. এর ভারুয়াল সভার সিদ্ধান্ত

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চলমান কোভিড-১৯ অতিমারির কারণে শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে সরাসরি শ্রেণি কার্যক্রমে সম্পৃক্ত করতে না পারায় শিক্ষা মন্ত্রণালয় এর বিকল্প হিসেবে বিভিন্ন কার্যক্রম গ্রহণ করেছে। ইতোমধ্যে ২০২২ সালের এইচএসসি পরীক্ষার পাঠ্যসূচি পুনর্বিন্যাস করা হয়েছে। শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে শিক্ষার্থীদের শিখন কার্যক্রমে পুরোপুরি সম্পৃক্তকরণ ও ধারাবাহিক মূল্যায়নের আওতায় আনয়নের জন্য জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক বিষয়ভিত্তিক মূল্যায়ন রুব্রিক্স এবং গ্রিডসহ অ্যাসাইনমেন্ট প্রণয়ন করা হয়েছে। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক বাংলা, ইংরেজি, পদার্থবিজ্ঞান, পৌরনীতি ও সুশাসন, অর্থনীতি, যুক্তিবিদ্যা ও হিসাববিজ্ঞান বিষয়ের মূল্যায়ন রুব্রিক্স ও গ্রিডসহ ১ম ও ২য় সপ্তাহের অ্যাসাইনমেন্ট প্রকাশ করা হয়েছে। কোভিড-১৯ অতিমারির কারণে যেসকল এলাকায় লকডাউন চলছে ঐ সকল এলাকার আঞ্চলিক পরিচালকবৃন্দ স্থানীয় প্রশাসন ও প্রতিষ্ঠান প্রধানের সাথে আলোচনা সাপেক্ষে শিক্ষার্থীদের নিকট থেকে ক্ষেত্র বিশেষে অ্যাসাইনমেন্ট জমার তারিখ পুনঃনির্ধারণ করতে পারবেন। যে সকল শিক্ষার্থী লকডাউনের কারণে যথাসময়ে অ্যাসাইনমেন্ট গ্রহণ করতে পারবেনা তাদেরকে পরবর্তী সুবিধাজনক সময়ে প্রতিষ্ঠান প্রধানগণ অ্যাসাইনমেন্ট গ্রহণ ও জমার সুযোগ প্রদান করবেন। কোভিড-১৯ অতিমারির কারণে স্বাস্থ্য বিধিকে কোনক্রমেই উপেক্ষা করা যাবেনা। এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং নিম্নোক্ত ছক মোতাবেক ২৮/০৬/২০২১খ্রি. মধ্যে তথ্য প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ছক (এক্সেল ফরমেট)

শিক্ষা প্রতিষ্ঠানের নাম, EIIN ও ঠিকানা					
ই-মেইল নং					
মোবাইল নং					
ক্রমিক নং	২০২২ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করবে এমন মোট শিক্ষার্থীর সংখ্যা সপ্তাহের অ্যাসাইনমেন্ট গ্রহণকারী শিক্ষার্থীর মোট সংখ্যা সপ্তাহের অ্যাসাইনমেন্ট জমাদানকারী শিক্ষার্থীর মোট সংখ্যা সপ্তাহের অ্যাসাইনমেন্ট জমাদান করেনি এমন শিক্ষার্থীর মোট সংখ্যা	মন্তব্য

বিষয়টি অতীব জরুরি।

২৩.৬.২০২১
প্রফেসর মোঃ শাহেদুল খবির চৌধুরী
পরিচালক

পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.০৬.০০১.২১/৯৯১/৮

তারিখ: ২৩ জুন ২০২১

সদস্য অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

- ১) চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, মতিঝিল, ঢাকা।
- ২) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সকল)।
- ৩) পরিচালক, মনিটরিং এন্ড ইভালুয়েশন উইং, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
- ৪) অধ্যক্ষ (সকল), সরকারি কলেজ
- ৫) ঊর্ধ্বতন বিশেষজ্ঞ, বাংলাদেশ পরীক্ষা উন্নয়ন ইউনিট, ঢাকা।
- ৬) অধ্যক্ষ (সকল), বেসরকারি কলেজ
- ৭) সিনিয়র সিস্টেম এনালিস্ট, ই. এম. আই. এস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (পত্রটি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৮) পি এ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

২৩.৬.২০২১
প্রফেসর মোঃ শাহেদুল খাবির চৌধুরী
পরিচালক

(Signature)